গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার
www.fpo.moulvibazarsadar.moulvibazar.gov.bd

উপজেলা মাসিক সভা, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার অক্টোবর /২০২৬ খ্রি. মাসের সভার কার্যবিবরণী।

সভাপতিঃ রিপন চন্দ্র দাশ, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।
সভার স্থানঃ উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।
সভার তারিখঃ ১২.১০.২০২৬ খ্রি.
সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। গত মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা সংক্রান্ত সেপ্টেম্বর/২০২৬ খ্রি. মাসের প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। প্রতিবেদন পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

ক্র. নং	বিষয়বস্তু ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	মনিটরিং ও সুপারভিশনঃ মাঠ পর্যায়ে পরিবার কল্যাণ সহকারী'দের বাড়ি বাড়ি পরিদর্শন ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য রেজিস্টার/খাতায় যথাযথভাবে সংরক্ষণ হচ্ছে না মর্মে পরিবার পরিকল্পনা কর্মকর্তা অসন্তোষ প্রকাশ করেন এবং ফলশ্রুতিতে তার প্রভাব রিপোর্টে দৃশ্যমান হচ্ছে। অগ্রীম কর্মসূচী অনুযায়ী মাঠ কার্যক্রম অব্যাহত রাখা এবং নিয়মিত রেজিস্টার যাচাই এবং হালনাগাদ রেজিস্টার নিশ্চিতের বিষয়ে আলোচনা হয়।	নিয়মিত মাঠ পরিদর্শন, রেজিস্টার যাচাই, উপাত্ত যাচাই এবং এফডব্লিএদের হালনাগাদ রেজিস্টার নিশ্চিতে এফপিআইদের মনিটরিং ও সুপারভিশন বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া অক্টোবর/২০২৬ এর মধ্যে দৃশ্যমান উন্নতি নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. পরিবার কল্যাণ সহকারী ২.পরিবার পরিকল্পনা পরিদর্শক
০২	ডকুমেন্ট সংরক্ষণঃ বিভিন্ন ধরণের তালিকা (গর্ভবতী তালিকা, শিশু তালিকা, উপাত্ত যাচাই) ও সভা (উঠান বৈঠক, পাক্ষিক/মাসিক সভা, ইউনিয়ন/FWC ব্যবস্থাপনা কমিটি) সম্পন্ন শেষে ডকুমেন্ট সংরক্ষণে মাঠ পর্যায়ে অনীহা রয়েছে, যা অনভিপ্রেত। ডকুমেন্ট সংরক্ষণ ও তার প্রয়োগ নিয়ে আলোকপাত করা হয়।	সংশ্লিষ্ট তালিকা ও সভার দায়িত্বে নির্ধারিত সহকর্মীদের নিয়মিত ডকুমেন্ট সংরক্ষণ ও যেসকল স্থানে প্রেরণ করতে হয় তা নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়।	FWA/FPI/SACMO/FWV/Pharmacyst
০৩	FWC খোলা রাখাঃ FWC-সমূহ নির্ধারিত অফিস সময়ে বন্ধ পাওয়ার অভিযোগ প্রায়ই পাওয়া যাচ্ছে এবং এ নিয়ে সারাদেশে বিভিন্ন নেতিবাচক ইস্যু তৈরী হচ্ছে। FWC-সমূহ কিভাবে নিয়মিত নির্ধারিত সময়ে খোলা রাখা যায় এবং এ ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনাসমূহ নিয়ে আলোচনা করা হয়।	পরিচালক স্যারের নির্দেশনা অনুযায়ী, কেন্দ্র কোনোভাবেই বন্ধ রাখা যাবেনা এবং প্রয়োজনে সংশ্লিস্ট ইউনিয়নের FWA' র মাধ্যমে FWC খোলা রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	FPI
	পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মসূচীঃ মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী, প্রতি শনিবার যার যার সংশ্লিষ্ট FWC ইউনিয়নের সকল সহকর্মীদের নিয়ে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যাপারে আলোচনা হয়।	সিসিতে যাদের ডিউটি আছে তাদের ব্যাতীত প্রত্যেক সহকর্মী সংশ্লিষ্ট FWC তে উপস্থিত হয়ে কেন্দ্রের পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল সহকর্মী
	আইইউডি ক্যাম্পঃ আইইউডি ক্যাম্প বাস্তবায়নের লক্ষ্যে ক্যাম্প স্থান, ওষুধপত্র সংস্থান ও অন্যান্য প্রয়োজনীয় বিষয় সম্পর্কে আলোচনা করা হয়।	আগামী ২৮.১০.২৬ তারিখে কামালপুর FWC-তে ক্যাম্প সংগঠন এবং এমসিডব্লিউসিতে নিয়মিত আইইউডি সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল সহকর্মী

CamScanner

ভায়া টেস্টঃ Mcwc -তে প্রতি মাসে ১০০ টি ভায়া টেস্টের লক্ষ্যমাত্রা রয়েছে,জনগণ মোটিভেটেড না থাকায় লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হচ্ছে না।একই সাথে ভায়া টেস্টের গুরুত্ব ও টেস্ট করার জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট নিয়ে আলোচনা করা হয়।	প্রত্যেক FWA প্রতি মাসে ০৩ জন ক্লায়েন্টকে টেস্টের আওতায় নিয়ে আসার সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল সহকর্মী
বিএলটিএল তথ্য হালনাগাদঃ প্রতি মাসে অসংখ্য সিজার প্রাইভেট ক্লিনিকগুলোতে হয়ে থাকে, এসব তথ্য সঠিকভাবে মাঠ থেকে রিপোর্টে সংযোজিত হচ্ছে না মর্মে পরিলক্ষিত হচ্ছে। কিভাবে তথ্যগুলো রিপোর্টের আওতায় নিয়ে আসা যায় সে ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।	FWA- দের গর্ভবতী লিস্ট ধরে সিজারিয়ান ডেলিভারী ক্লায়েন্টদের তথ্য যাচই-বাছাই করে তথ্য আপডেট করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল FWA
পৌরসভায় সেবা কার্যক্রমঃ পৌরসভায় পরিবার পরিকল্পনা বিভাগীয় কার্যক্রম দৃশ্যমান করার লক্ষ্যে বাড়ি বাড়ি পরিদর্শনের পাশাপাশি বস্তিসমূহ চিহ্নিত করে নিয়মিত বিরতিতে উঠান বৈঠক, মা সমাবেশ, কিশোরী সমাবেশ আয়োজনের ব্যাপারে আলোচনা করা হয়।	পৌরসভায় কর্মরত ০২ জন FWA তাদের এফপিআইয়ের সাথে সমন্বয় করে ডেইটগুলি অফিসে জানাবার সিদ্ধান্ত গৃহীত হয়।	পৌরসভায় কর্মরত ০২ জন FWA
স্বাস্থ্য শিক্ষাঃ বিভগের ভবিষ্যৎ পথচলা বিবেচনায় স্বাস্থ্য শিক্ষা কর্মসূচী একটি গুরুত্বপূর্ণ অনুষঙ্গ তাই এখন থেকেই প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের নিমিত্ত করণীয় বিষয়ে আলোচনা করা হয়।	উঠান বৈঠকের পাশাপাশি FWA- দের ইউনিটের মধ্যে অবস্থিত বিদ্যালয়, মাদ্রাসা-র তথ্য সংগ্রহ এবং প্রতি মাসে একটি স্বাস্থ্য শিক্ষা ক্লাস আয়োজন ও প্রয়োজনীয় ডকুমেন্টেশনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল FWA ও FPI
বিবিধঃ ১. ১৫.১০.২০২৬ তারিখের পর থেকে অত্যন্ত সতর্কতার সহিত নিজ নিজ পে-ফিক্সেশন ২. জুলাই-সেপ্টেম্বর/২৬ এই তিন মাসের টিএ বিল অক্টোবর/২৬ মাসের মধ্যে আপলোড ৩. অবসর গ্রহণকারী সহকর্মীদের ফেয়ারওয়েল আয়োজনের বিষয়ে আলোকপাত হয়।	১. সহকর্মীরা নিজ দায়িত্বে পে-ফিক্সেশন করে ০২ কপি অফিসে জমাদান ২. টিএ বিল অক্টোবর/২৬ মাসের মধ্যে আপলোড এবং ৩. পূজা পরবর্তী সুবিধাজনক সময়ে সহকর্মীদের ফেয়ারওয়েল আয়োজনের বিষয়ে আলোকপাত সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল সহকর্মী

এছাড়া আর কোন বিশেষ আলোচেনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/১০/২০২৬

(রিপন চন্দ্র দাশ)
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

তারিখ: ১২.১০.২০২৬খ্রি.

স্মারক নং: ৫৯.১১.৫৮৭৪.০০০.২৫.০০১.২৪.
অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ
০১) উপপরিচালক, পরিবার পরিকল্পনা, মৌলভীবাজার।
০২) মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।
০৩) ..... ইউ.পি., মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

(রিপন চন্দ্র দাশ)
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার

CamScanner